৭

তারিখ 26 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৬

দৈনিক বাংলা

## ছয় দফা দাবী মেনে নিন ঃ ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ

ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ ও ছাত্রদল ঢাকা মেডিক্যাল কলেজ শাখা বৃহস্পতিবার দুটি পৃথক বিবৃতিতে বলেছে তাঁদের ছয়দফা দাবী না মেনে আগামী ৩০ জুলাই কলেজ খুলে দিলে তার পরিণতি ভয়াবহ হবে।

বিবৃতিতে তাঁরা বলেছেন, কলেজ কর্তৃপক্ষ ছাত্রদলের নেতা-কর্মীদের বিরুদ্ধে আরোপিত মামলা প্রত্যাহারের আশ্বাস দিলেও কর্তৃপক্ষ তা পূরণ করেনি। বিবৃতিতে তারা বলেছেন, ১০ জুলাই ডিএমসির সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে সন্ত্রাসী কর্মকান্ডের বিচার, ছাত্রদলের নেতা-কর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার, একাডেমিক কাউন্সিলের ১৩৫তম সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমান ছাত্র সংসদের কার্যক্রম পরবর্তী তারিখ নির্ধারণ না হওয়া পর্যন্ত বহাল রাখা, বর্তমান ডামেকসুর ভিপি, জি-এসসহ কর্মকর্তাদের অনুপস্থিতিতে গৃহীত সিদ্ধান্ত বাতিল, ১০ জুলাই-এর সংঘর্ষে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ এবং অবিলম্বে কলেজ খুলে দিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশসহ তাদের সকল দাবী বাস্তবায়ন না করা হলে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে ঢাকা মেডিক্যাল কলেজে অবাঞ্ছিত ঘোষণা করে বৃহত্তর আন্দোলন শুরু করা হবে।